গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৪.৩২.০৫৫.১৪- ১৬২৫

তারিখঃ ১৫/০৩/২০২১খ্রিঃ।

বিষয় ঃ সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় পরিচালিত কার্যক্রমে মাঠ পর্যায়ে সহযোগিতা প্রদান।

সূত্র ঃ সমাজকল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৬৬ তারিখঃ ০৮.০৩.২০২১।

উপর্যুক্ত বিষয়ে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ০৮.০৩.২০২১ তারিখের স্মারক ৬৬ নং স্মারকের পত্রটি এতদসঙ্গে প্রেরণপূর্বক পত্রের মর্মানুযায়ী সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচির অধীন বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তিসমূহ G2P পদ্ধতিতে প্রদানের নিমিত্ত মাঠ পর্যায়ে চলমান মোবাইল ব্যাংকিং হিসাব খোলার বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ২(দুই) ফর্দ।

( ফারজানা মান্নান )
উপ সচিব
ফোনঃ ৯৫৭৫৫৭২

মেয়র/প্রশাসক (সকল)
...................... পৌরসভা
জেলাঃ...................... ।

অনুলিপি ঃ-

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্থানীয় সরকার বিভাগ(ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।
৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সামাজিক নিরাপত্তা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www. msw.gov.bd

নম্বর -৪১.০০.০০০০.০৪৩.১২.০০৪.১৬-৬৬

তারিখ : ২৩ ফাল্গুন ১৪২৭
০৮ মার্চ ২০২১

বিষয় : সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তিসমূহ মোবাইল আর্থিক প্রতিষ্ঠান এর মাধ্যমে G2P পদ্ধতিতে প্রদান কার্যক্রমে মাঠ পর্যায়ের মেয়র, সিটি কর্পোরেশন, মেয়র, পৌরসভা, চেয়ারম্যান, উপজেলা পরিষদকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের নির্দেশনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সরকার সামাজিক নিরাপত্তা কর্মসূচির অধীন ভাতাসমূহ সরাসরি উপকারভোগীর মোবাইল ব্যাংকিং হিসাবে G2P পদ্ধতির মাধ্যমে প্রদানে উদ্যোগ গ্রহণ করেছে। এর ধারাবাহিকতায় সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে মোবাইল আর্থিক প্রতিষ্ঠান 'নগদ' ও 'বিকাশ' এর সাথে ৪টি ভাতা (বয়স্ক ভাতা ৪৯ লক্ষ জন, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ২০.৫ লক্ষ জন, প্রতিবন্ধী ভাতা ১৮ লক্ষ জন এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি ১ লক্ষ জন) G2P পদ্ধতিতে সরাসরি উপকারভোগীর মোবাইল ব্যাংকিং হিসাবে প্রদানের জন্য চুক্তি সম্পন্ন করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ১৪ জানুয়ারি ২০২১ তারিখে ০৪টি জেলার উপকারভোগীদের মোবাইল ব্যাংকিং হিসাবে ভাতা প্রেরণের মাধ্যমে এ কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

০২. সামাজিক নিরাপত্তা কর্মসূচির ৪টি ক্যাটাগরিতে মোট ৮৮.৫ লক্ষ উপকারভোগীকে মোবাইল আর্থিক প্রতিষ্ঠান 'নগদ' ও 'বিকাশ' এর মাধ্যমে ভাতার অর্থ প্রদান করা হবে। এ লক্ষ্যে মাঠ পর্যায়ে উপকারভোগীদের মোবাইল ব্যাংকিং হিসাব খোলার কার্যক্রম শুরু হয়েছে। তৎপ্রেক্ষিতে ০১ মার্চ ২০২১ তারিখ পর্যন্ত নগদ ১৮.১৪ লক্ষ এবং বিকাশ ৫.৫৮ লক্ষ মোট ২৩.৭২ লক্ষ উপকারভোগীর মোবাইল ব্যাংকিং হিসাব খোলা সম্পন্ন হয়েছে। এ ক্ষেত্রে মেয়র, সিটি কর্পোরেশন, মেয়র, পৌরসভা, চেয়ারম্যান, উপজেলা পরিষদকে সার্বিক তত্ত্বাবধান এবং সহযোগিতা পেলে বাকী ৬৪.৭৪ লক্ষ উপকারভোগীর মোবাইল ব্যাংকিং হিসাব দ্রুত খোলা সম্পন্ন করা সম্ভব হবে। অন্যথায় এ কার্যক্রম সার্বিকভাবে সফল এবং নির্দিষ্ট সময়ের মধ্যে ভাতার অর্থ উপকারভোগীর নিকট প্রেরণ করা সম্ভবপর হবে না মর্মে প্রতিয়মান হয়। যার ফলে সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির বাস্তবায়ন সার্বিকভাবে বাধাগ্রস্ত হতে পারে। এ পরিপ্রেক্ষিতে নগদ/বিকাশ কর্তৃক মোবাইল হিসাব খোলার জন্য সকল উপকারভোগীর নিকট তথ্য প্রেরণসহ তাদেরকে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন এর প্রতিটি ওয়ার্ডের নির্দিষ্ট স্থানে জড়ো করা এবং এ কাজে মাঠ প্রশাসন বিশেষ করে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারদের সক্রিয় সহযোগিতা একান্তভাবে প্রয়োজন মর্মে সমাজসেবা অধিদফতর হতে জানানো হয়েছে এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়েছে (কপি সংযুক্ত)।

০৩. এমতাবস্থায়, সামাজিক নিরাপত্তা কর্মসূচির অধীন বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তিসমূহ G2P পদ্ধতিতে প্রদানের নিমিত্ত মাঠ পর্যায়ে চলমান মোবাইল ব্যাংকিং হিসাব খোলার কার্যক্রম আগামী ৩০ মার্চ ২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে মেয়র, সিটি কর্পোরেশন, মেয়র, পৌরসভা, চেয়ারম্যান, উপজেলা পরিষদকে সার্বিক সহযোগিতা ও সমন্বয় সাধনের জন্য নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে সবিনয় অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ০১ পৃষ্ঠা।

০৮/০৩/২১

(এরশাদ হোসেন খান)
উপসচিব
ফোন : ৯৫১৫৫৩৪
Email : sss.msw@gov.bd

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিতরণ: (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে): (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. একান্ত সচিব, মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেওগাঁও, ঢাকা
৫. সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. ব্যবস্থাপনা পরিচালক, নগদ, ডাক বিভাগের ডিজিটাল লেনদেন
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, বিকাশ লিমিটেড

শেখ হাসিনার মমতা
মানুষের জন্য নিয়মিত ভাতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০৪৯.১৪.০১০.১৪. ৯৯৬

তারিখ : ১৮ফালগুন, ১৪২৭ বাংলা
০৩ মার্চ ২০২১ ইং

বিষয়: সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় উপকারভোগীদের Data entry, NID Validation এবং G2P পদ্ধতিতে ভাতা প্রদানের নিমিত্ত মোবাইল হিসাব খোলার কাজে মাঠ প্রশাসনের সহযোগিতা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতায় বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তির আওতায় উপকারভোগীদের মাঝে G2P পদ্ধতিতে সরাসরি ভাতা প্রদানের উদ্দেশ্য তাদের প্রয়োজনীয় তথ্য MIS এ এন্ট্রি, NID Validation এবং মোবাইল হিসাব খোলার কার্যক্রম শুরু হয়েছে। ইতোমধ্যে এ কাজটি সম্পন্ন করার জন্য মন্ত্রণালয় কর্তৃক নির্বাচিত মোবাইল ফাইন্যান্সিয়াল প্রতিষ্ঠান 'নগদ' ও 'বিকাশ' এর সাথে সমাজসেবা অধিদফতরের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। উপকারভোগীদের Data entry, NID Validation এবং G2P পদ্ধতিতে ভাতা প্রদানের নিমিত্ত মোবাইল হিসাব খোলার জন্য Union Digital Center (UDC) গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে থাকে। নগদ/বিকাশ লি. কর্তৃক মোবাইল হিসাব খোলার জন্য সকল ভাতাভোগীর নিকট তথ্য প্রেরণসহ তাদেরকে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন এর প্রতিটি ওয়ার্ডের নির্দিষ্ট স্থানে জড়ো করা এবং এ কাজে মাঠ প্রশাসন বিশেষ করে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারদের সক্রিয় সহযোগিতা একান্তভাবে প্রয়োজন। একইভাবে তৃণমূল পর্যায়ের সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানেরও সহযোগিতা প্রয়োজন।

এমতাবস্থায়, বর্ণিত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য নিম্নবর্ণিত বিষয়ের প্রতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করছি:

ক) মাঠ প্রশাসনে কর্মরত জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারসহ সকল সরকারী কর্মকর্তা-কর্মচারী যাতে সার্বিক সহযোগিতা প্রদান করেন সে বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সদয় দৃষ্টি আকর্ষণ করা যায়।

খ) বর্ণিত কার্যক্রমের সফল বাস্তবায়নে স্থানীয় জনপ্রতিনিধিগণ যাতে সক্রিয়ভাবে সহযোগিতা করেন সে বিষয়ে স্থানীয় সরকার বিভাগকে অনুরোধ করা যেতে পারে।

০৩/০৩/২০২১

শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক
টেলিফোন:৫৫০০৭০২৪

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে:
১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় জ্ঞাতার্থে) ।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় জ্ঞাতার্থে) ।